R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন ঃ ৩৪-১৬৫৭
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেন্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৫শ বর্ষ
৪৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ৭ই চৈত্র বুধবার, ১৩৮৫ সাল।
২১শে মার্চ্চ, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## ফরাক্কায় পাঁচ হাজার বেকার কাজ পাবে, বাইরের নিয়োগ জান দিয়ে রোখা হবে

নজস্ব সংবাদদাতা : ফরাক্কায় এগারশো মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনক্ষম তাপবিদ্যুৎ কেন্দ্রে আগামী দু'বছরে পাঁচ হাজার লোক নিয়োগ করা হবে। পরবর্তীতে তাদের ছাটাই করে স্থায়ীভাবে এক হাজার জনকে নিয়োগপত্র দেওয়া হবে। ফরাক্কা এমপ্লয়মেণ্ট একসচেনজের পরিদর্শন কমিটির জনৈক সদস্য প্রতিনিধি এ তথ্য জানিয়েছেন। তিনি বলেছেন—তাপবিদ্যুৎ কেন্দ্রের সমস্ত নিয়োগই যাতে স্থানীয়দের মধ্য থেকে হয় তার জন্য দাবী তোলা হয়েছে। দাবী না মানলে প্রকাশ্যভাবে আন্দোলনে নামা হবে।

ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রাথমিক কাজকর্ম শুরুর সঙ্গে সঙ্গেই দলে দলে মানুষজন ভিড় করছেন ফরাক্কা এমপ্লয়মেণ্ট একসচেনজ অফিসে। অফিসের কর্মচারীরা বে-সামাল হয়ে পড়েছেন। এ পর্যন্ত ঐ অফিসে প্রায় তেত্রিশ হাজার নাম তালিকাভুক্ত হয়েছে। সি পি এমের অভিযোগ-এর মধ্যে অন্ততঃ ১৫-১৬ হাজার জনই বাইরের লোক। এরা স্থানীয় হিসেবে মিথ্যে সার্টিফিকেট দাখিল করেছেন মামা, কাকার ঠিকানা দেখিয়ে। সি পি এম কোন রকম চাকরির ক্ষেত্রে স্থানীয় প্রার্থী হিসেবে এদের নিয়োগে বাধা দেবে। সি পি এম সম্পাদক মৃগাংক ভট্টাচার্য এক সাক্ষাৎকারে বলেছেন যোগ্যতা ও সিনিওরিটি অনুযায়ী যাদের নাম ফরাক্কা এমপ্লয়মেণ্ট এক্সচেনজে রেজিষ্ট্রীভুক্ত আছে কেবলমাত্র তাদেরকেই চাকরি দেওয়ার জন্য দাবী জানানো হয়েছে। এর নড়চড় হলে জোরদার আন্দোলনে নামার কথা চিন্তা করা হবে। তাঁর অভিযোগ, চাকরির ক্ষেত্রে ফরাক্কা এমপ্লয়মেণ্ট এক্সচেনজকে কোন রকম গুরুত্ব দেওয়া হচ্ছে না। সম্প্রতি স্বাস্থ্য বিভাগে এই মহকুমায় প্রয়োজনীয় একশো জনকে নিয়োগপত্র দেওয়ার জন্য যে নামগুলো স্বাস্থ্য দপ্তরে পাঠানো হয়েছিল তাদের নাম এখনও পর্যন্ত বিবেচনা করা হয়নি।

অপরদিকে প্রতিবেদক বিশ্বস্তসূত্রে খবর পেয়েছেন জেলা সদরের বেকারদের চাকরির ব্যাপারে ক্ষমতাসীন রাজনৈতিক দলের নেতারা ও স্বাস্থ্য বিভাগের পদস্থ আমলারা চেষ্টা চালাচ্ছেন।

আর এস পি'র পক্ষ থেকে প্রদীপ নন্দী জানিয়েছেন—তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য যাঁরা জমিজায়গা দিয়েছেন এবং স্থানীয় বেকার হিসেবে চিহ্নিত রয়েছেন চাকরির ক্ষেত্রে তাঁদের অগ্রাধিকারের দাবী আর এস পি বহুদিন থেকেই করে আসছে। তাদের এই দাবী পূরণ না হলে সমস্ত রকম চক্রান্তকে জান দিয়ে রোখার চেষ্টা হবে এবং গণতান্ত্রিক আন্দোলনে নামার সিদ্ধান্ত নেওয়া হবে।

কংগ্রেসের পক্ষ থেকে সভাপতি রবীন্দ্র পণ্ডিত জোর দিয়ে বলেছেন স্থানীয় বেকারদের চাকরির ন্যায়সঙ্গত দাবীকে সক্রিয়ভাবে সমর্থন করা হবে। প্রয়োজনে যে কোন আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে তারা দ্বিধা করবেন না।

এদিকে জঙ্গিপুর মহকুমার বিভিন্ন প্রান্ত থেকেই ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রে স্থানীয় প্রার্থীদের নিয়োগপত্র দেওয়ার দাবী ক্রমশঃ সোচ্চার হয়ে উঠছে। এ নিয়ে বেসরকারীভাবে একটি সংগ্রাম কমিটি গড়ার কথাও চিন্তা করা হচ্ছে এবং ফরাক্কা লোকাল কমিটিকে পুনরায় চাঙ্গা করে তোলার চেষ্টা চলেছে। অপর-দিকে খবর মিলেছে ফরাক্কা এমপ্লয়মেণ্ট এক্সচেনজে যাদের নাম এখন তালিকাভুক্ত

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## আর্তি ঃ আলো আমার আলো

রঘুনাথগঞ্জ, ২১ মারচ—এ অঞ্চলে লোড শেডিং বেশ কিছু সময় হতে নিত্যকার ঘটনা হয়ে দাঁড়িয়েছে। সময়ে অসময়ে এই লোড শেডিং। ফলে জনজীবন নানাদিক হতে বিপর্য্যস্ত হয়ে পড়ছে। ছোট খাট বিদ্যুৎচালিত শিল্পগুলো এর ফলে মার খাচ্ছে বেশী। ফলে কাজের উৎপাদন তার জন্যে বিশেষভাবে ব্যাহত হচ্ছে। সন্ধ্যার দিকে লোড শেডিং এর ফলে পাঠরত পরীক্ষার্থীরা যে কি রকম ক্ষতিগ্রস্ত হচ্ছে তা বলার নয়। তারপর তার সঙ্গে মাঝে মাঝে কেরোসিন সংকট আলোর সমস্যাকে আরও জটিল করে তুলছে। লোড শেডিং এর দৌরাত্ম্যে জনগণের মনে ও মুখে শুধু আর্তি—"আলো আমার আলো"।

## নিখোঁজ ব্যক্তিদের মৃতদেহ উদ্ধার, গ্রেপ্তার ছয়

রঘুনাথগঞ্জ, ১৭ মারচ—গতকাল ২নং জে এল আর ও অফিসের তহশীলদার উমেশচন্দ্র দাস ও করণিক তোজাম্মেল সেখের মৃতদেহ পুলিশ উদ্ধার করেছে। গত ১৩ মারচ থেকে তারা রহস্যজনকভাবে নিখোঁজ ছিলেন। পুলিশী সূত্রে প্রকাশ নাড়ুখাকি চড়ে একটি খাস জমি নিয়ে দু'পক্ষের মধ্যে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল এবং জমিতে ১৪৫ ধারা বলবৎ ছিল। ঘটনার দিন বিকেলে তোজাম্মেল ও উমেশ দাস বাড়ী ফেরার সময় মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে তাদের আঘাত করে পদ্মার জলে ফেলে দেওয়া হয়। পুলিশ পদ্মার জল থেকে তাদের মৃতদেহ উদ্ধার করেছে। এ ব্যাপারে জড়িত সন্দেহে ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

জঙ্গিপুর মহকুমা তহশীলদার কল্যাণ সমিতির পক্ষ থেকে এই হত্যারহস্য উদ্ঘাটন করে অবিলম্বে দায়ী ব্যক্তিদের শাস্তি দাবী করা হয়েছে। মহকুমা শাসকের কাছে এক স্মারকলিপিতে নিহত পরিবারকে আর্থিক সাহায্য ও কার্যরত কর্মচারীদের নিরাপত্তার দাবী জানানো হয়েছে।

## সংস্কৃতি মেলা

নিজস্ব সংবাদদাতা, ২১ মারচ—জঙ্গিপুর সংস্কৃতি পরিষদ আয়োজিত দ্বিতীয় বার্ষিক সংস্কৃতি মেলা আগামী ১৩ এপ্রিল থেকে শুরু হচ্ছে। চলবে ১৭ এপ্রিল পর্যন্ত। এবারে মেলার বিশেষ আকর্ষণ ন্যাশনাল বুক ট্রাষ্টসহ অন্যান্য নামী প্রকাশকদের বইয়ের প্রদর্শনী ও নাট্যোৎসব। এই অনুষ্ঠানে বাংলা দেশের কয়েকজন নামী সাহিত্যিক ও নাট্যকারকে নিয়ে আসার চেষ্টা চালান হচ্ছে বলে পরিষদের জনৈক মুখপাত্র জানিয়েছেন।

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৭ই চৈত্র, বুধবার, ১৩৮৫।

## মশকের শক্ ( সখ ? )

বিগত দুই দশক কি তাহারও বেশী সময় ধরিয়া 'মাথুরের' পালা গাহিয়া প্রোষিতভর্তৃকা মশকী অথবা প্রোষিতভার্য মশক নিরানন্দে দীর্ঘকাল যাপনান্তে 'হমারি দুখের নাহিক ওর' —দিনশেষে পুনরায় আপন আপন ডেরায় আসিয়াছে। 'মশকায় ধূমঃ'— মশক বিতাড়নের প্রাচীন পদ্ধতির স্থলে অর্বাচীন কালে 'মশকায় নানাবিধানি রাসায়নিকদ্রব্যাণি'র প্রয়োগে রক্ত-পিপাসু এই সপক্ষপদ প্রাণিগণ বহুদিন ধরিয়া হয়ত আত্মগোপন করিয়া 'ইম্-মিউন্‌ড্' হইবার কঠিন তপশ্চর্যায় রত ছিল। সে সাধনায় তাহার সিদ্ধিলাভ করিয়াছে বৈকি! সেইজন্যই দেখিতেছি, ইহারা পরিবার পরিকল্পনার কঠোর বিধিনিষেধে ভস্ম নিক্ষেপ করিয়া নন্দিনী-নন্দনকুল চক্রবৃদ্ধি হারে বাড়াইয়া বিলকুল আকুল করিয়া তুলিতেছে এই রাজ্যবাসীদের। ( অন্যার্থঃ পশ্চিমবঙ্গে আবার ) মশকের অভিযান ও আক্রমণ তীব্রভাবে দিবা-প্রাতঃ-নিশা নির্বিচারে। কর্মীরা কর্মস্থলে বিব্রত; নাগরিকদের ভোগান্তির অন্ত নাই স্বগৃহে; পড়ুয়ারা বিপর্যস্ত পঠনকালে। মনে হয়, অক্ষৌহিণী পর্যায়ে মশকসেনা হানা দিয়াছে গ্রামে-গঞ্জে-শহরে।

এখন অমুক স্থানের মশা বিখ্যাত বলিবার উপায় নাই। তাহারা সর্বত্র পরিব্যাপ্ত। আবদ্ধ এঁদো-পচা জল বা জলাশয় না থাকিলেও তাহারা হাজির হইতেছে। হয়ত গতির যুগে কোন উপায় উদ্ভাবন করিয়া তাহারা এই দুর্গতি আনিয়াছে। কিন্তু এমন রক্তের সন্ধানে বেপরোয়া ভাব কেন? তবে কি তাহারাও আমাদের পন্থা অনুসরণ করিয়া ব্লাডব্যাঙ্ক স্থাপন করিয়াছে কোন বৃহত্তর স্বার্থে? কমলাকান্তের ন্যায় দিব্যকর্ণ প্রাপ্ত হইলে সবিশেষ বুঝা যাইত।

মশক নিবারণী সমিতি-সংস্থা গড়িয়া আবার নবতর পর্যায়ে জল্পনা-কল্পনা করিতে হইবে। তাহা যতদিন না হইতেছে, ততদিন 'হবে তা সহিতে/ মর্মে দহিতে/আছে সে ভাগ্যে লিখা' ছাড়া আর কি? ডি ডি টি, ফ্লিট প্রভৃতিতে তাহারা আজ সম্ভবতঃ মৃত্যুঞ্জয়। সে যাহা হউক, মশকচুম্বনে রাজ্যবাসীর যে অসহনীয় অবস্থা, তাহার নিবৃত্তি কতদিনে হইবে, কতদিনেই বা ইহাদের নবরক্তে অরুচি জন্মিবে তাহা এখনই বলা যাইতেছে না।

## প্রসঙ্গ তৃতীয় ভাষা

সাগরদীঘি, ২০ মার্চ তৃতীয় ভাষাকে আবশ্যিক ভাষা হিসেবে গণ্য করার দাবিতে কয়েক দিন আগে বোখারা হাই স্কুলে এক সভা অনুষ্ঠিত হয়। পৌরোহিত্য করেন মৌলভী মনসুর রহমান। সভায় সর্বসম্মতিক্রমে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, এই দাবিকে জোরদার করার জন্য খুব শিগ্‌গির সাগরদীঘি হাই স্কুলে দ্বিতীয় সভা হবে। ঐ সভায় এই সমিতির নামকরণ করে থানা, মহকুমা ও জেলা-স্তরে আন্দোলন ছড়িয়ে দেওয়া হবে।

## কুখ্যাত ডাকাত গ্রেপ্তার

ফরাক্কা ব্যারেজ, ২০ মার্চ— সম্প্রতি ফরাক্কা পুলিশ কুখ্যাত ডাকাত মেঘু ঘোষকে তার বাগদাবড়া গ্রামের বাড়ী থেকে গ্রেপ্তার করেছে। এ খবর দিয়ে পুলিশ জানিয়েছে, তার বিরুদ্ধে ডাকাতি ও বন্দুক অপহরণের অভিযোগে গ্রেপ্তারী পরোয়ানা ঝুলছিল।

## উদ্বন্ধনে আত্মহত্যা

রঘুনাথগঞ্জ, ২০ মার্চ— গত রাত্রে রঘুনাথগঞ্জ শহরের পল্টান বড়াল নামে এক যুবক উদ্বন্ধনে আত্মহত্যা করেছেন। তাঁর আত্মহত্যার কারণ অনুসন্ধান চলছে বলে জানা গেছে।

## বাস থেকে পড়ে মৃত্যু

রঘুনাথগঞ্জ, ১৭ মার্চ—গতকাল কাঁকুড়িয়া কৃষি প্রশিক্ষণ শিবিরের শেষ দিনে যোগ দিতে আসার সময় উত্তরায়ণ বাসের ছাদ থেকে পড়ে দফিণগ্রামের বক্রেশ্বর সেন ( ৪০ ) নামে এক ব্যক্তি গুরুতরভাবে আহত হয়ে জঙ্গিপুর হাসপাতালে মারা গেছেন। বক্রেশ্বরবাবু সাগরদীঘি কৃষি চর্চ্চা মণ্ডলের আহ্বায়ক ছিলেন।

**রঘুনাথগঞ্জে ভূতেশানন্দজী :** রামকৃষ্ণ মিশন ও মঠের সহ সভাপতি শ্রীমৎস্বামী ভূতেশানন্দজী মালদহ যাওয়ার পথে গত ৮ মার্চ কিছুক্ষণের জন্য রঘুনাথগঞ্জ শহরে অবস্থান করেন। জঙ্গিপুর পুরভবনে তাঁকে নাগরিক সম্বর্ধনা জানানো হয় মানপত্র প্রদান করে।

## অলক্ষে

খুব ভোরে ঘুম ভেঙ্গে গেলো উষার। উষা চোখ মেলতেই দেখলো অন্ধকার এখনও কাটেনি, একটু ঠাণ্ডা ঠাণ্ডা ভাব আছে বাতাসে, উত্তর দিকের জানলায় মাকড়শার জালের মতো ঝাপসা অন্ধকার ক্রমে ফিকে হচ্ছে— উষা চেয়ে চেয়ে দেখলো। অমা আর আরজিকে ডিঙ্গিয়ে খাট থেকে নামলো উষা, শাড়ীটা ঠিক করলো, কপালের চুলগুলো ঠিক করলো, মুখে হাত বুলাবার সময় টের পেলো গালের Pimpleটা বড়ো হচ্ছে, মুখের কাছে রংটা লালচে হয়ে উঠেছে নিশ্চয়: এখন উষা কোন ব্যথা বা যন্ত্রণা বোধ করল না Pimpleটায়। উষা বাইরে এলো। বারান্দা তিন দিকে ছড়ানো, উষা মধ্যের বারান্দায় দাঁড়িয়ে দেখলো ডানদিকের বারান্দায় বাবা বসে আছে ইজি চেয়ারে। বাবা বল্লো, কিরে উঠে পড়লি কেন? উষা বাবার পাশে এসে দাঁড়ালো, বল্লো, তুমি কতক্ষণ উঠেছো? বাবা উষার ডান হাতটা ধরলেন, হাতের বালাটা কয়েকবার উঠালেন নামালেন, খুব নরম সুরে উষাকে বল্লেন, তুই যা, শুয়ে পড়, আরো কিছুক্ষণ ঘুমাতে পারবি। উষা গেল না, ইজি চেয়ারের হাতলে বসলো।

: বাবা

: উ

: তুমি খুব শিগগির বুড়ো হয়ে যাচ্ছো,

: না রে, রিটায়ার করার পর এখনতো আমি আরো ব্যস্ত,

: তুমি আর গাছগুলোকে আদর কর না?

: করি, বেলিলতাকে বলছিলাম তোর খুব ডাগর রূপ খুলেছে, ভালো আছিস্ তো?

উষা হেসে উঠলো। একটু পরে বল্লো, বাবা আমার ব্রণটা বোধহয় সেপটিক্ হয়ে গেছে, যন্ত্রণা করছিলো রাতে। বাবা কিছুক্ষণ চুপ করে থেকে বল্লেন ঘরের বাক্সটায় .................. লেই, চেম্বার থেকে পাঠিয়ে দেবো কার্ত্তিককে দিয়ে, খেয়ে একঘণ্টা কিছু খাবি না,

বাবা বসে আছে, উষা হেলান দিয়ে আছে বাবার গায়ে। উষার মনে হচ্ছে জগতের সবচেয়ে নিরাপদ আশ্রয় ঠিক এমনি পক্তীর আর করুণাময় আর শান্তি।

একটু ফর্সা হয়েছে, আকাশটাকে চেনা যাচ্ছে। উষা উঠে শিউলিতলায় এলো, জবা গাছটা গাঢ় কালচে সবুজ পাতায় দিন দিন বাড়ছে, পাশে গাঁদা ফুলের দুটো গাছ কুঁড়ির ছোট ছোট আক্কান।

উষা শিউলিতলায় দাঁড়িয়ে সদর দরজাটার দিকে তাকালো, দরজা বন্ধ, দরজার নীচে কএকটা শিউলি ভোরের মতো পড়ে আছে। উষা অবাক এবং ভীষণ আশ্চর্য হলো যে ওর মনে কটা স্তর আছে, এতক্ষণ একটুও মনে ছিলনা স্বপ্নটার কথা। স্বপ্নটা উষা আবার দেখলো জেগে জেগে: সৌগত দোতলায় জানলার ধারে খাটে সন্ধ্যার ঘন আঁধারে একা বসে আছে, ওর মুখ সামনের দিকে, সামনে রাস্তা, নদী, নদীর ওপারে ওপার। একই রাস্তায় ফিরবার সময় উষা আবার দেখলো দক্ষিণের বারান্দায় বসে আছে সৌগত। সৌগত ইয়োরোপীয় কোন ছেলে হয়ে গেছে, মাথায় কেল্ট হ্যাট, বারান্দায় কাঠের গ্রীল, সামনের কাঠচাঁপা গাছটায় বেশ কিছুটা ঢাকা দোতালার বারান্দাটা। উষা জানলার ফাঁক দিয়ে টুকরো টুকরো করে দেখেছিলো সৌগতকে। উষার প্রথমে হাসি পেল। বন্দী নাকি? আর ইয়োরোপীয় যখন চেহারা তখন কাঠমল্লিকায় বদলে পপলার বা হানি সাকল্ হলেইতো পারতো। উষা চঞ্চল হলো। উষা বুঝতে পারলনা কিছু। উষা শুধু মনে করতে পারলো আজ দেড় দুবছর বাদে হঠাৎ এই স্বপ্ন আমি দেখলাম কেন? উষার ঠাকুর আর গুরুদেব প্রীতি তবে বৃথা? মনের তন্ময় স্তরগুলোয় ঠাকুর কি পৌছায় না? ওরা হঠাৎ উপরে উঠে সব কিছু ওলোটপালট করে দেয়, এক একটা দিনের সুর অন্য রকম হয়ে যায়, যা মনে হবার কথা ছিল না তা মনে হয় ওরা মরে না।

ফুলগুলো পড়ে আছে। উষা কুড়ালো না, প্রতিদিনের কাজ আজ পড়ে রইলো। উষা পা বাড়ালো উল্টো দিকে। এ দিকে কল বাথরুম বাসন মাজার জায়গা ময়লা ফেলার টিন, তারপর বাঁধারে উপরে বারান্দা, বারান্দার সিঁড়ি,—উষা ঠাকুর ঘরের সামনে এসে দাঁড়ালো, মনে মনে বল্লো, ঠাকুর ভুলে যাবার সুখ নাই, একেবারে ভুলে যাবার যেখানে আমি ছিলাম

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## পোষ্ট-অফিসে সব চাইতে লাভজনক প্রকল্পগুলিতে আপনার কষ্টার্জিত সঞ্চয় "বিনিয়োগ করুন"

### সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট

শতকরা পাঁচ টাকা আয়করমুক্ত সুদ ছাড়াও বছরে দুবার লটারী।

### ৭ বছরের জাতীয় সঞ্চয় সার্টিফিকেট

২য় পর্য্যায় : শতকরা ছয় টাকা আয়করমুক্ত চক্রবৃদ্ধি সুদ

৩য় পর্য্যায় : শতকরা ছয় টাকা আয়করমুক্ত সরল সুদ ( প্রতি বছর দেয় )

৪র্থ পর্য্যায় : শতকরা সওয়া দশ টাকা সরল সুদ ( প্রতি বছর দেয় )

৫ম পর্য্যায় : শতকরা চৌদ্দ টাকা সরল সুদ ( ১০০ টাকা ৭ বছরে ২০০ টাকা )

### পোষ্ট অফিস টাইম ডিপোজিট

১ বছর : শতকরা সাত টাকা সরল সুদ।

২ বছর : শতকরা সাড়ে সাত টাকা সরল সুদ।

৩ বছর : শতকরা আট টাকা সরল সুদ।

৫ বছর : শতকরা দশ টাকা সরল সুদ।

### ৫ বছরের পোষ্ট অফিস রেকারিং ডিপোজিট

শতকরা সওয়া নয় টাকা চক্রবৃদ্ধি সুদ, জীবনবীমার সুযোগ।

### ১০ বছরের কিউমুলেটিভ টাইম ডিপোজিট

শতকরা সওয়া ছয় টাকা আয়করমুক্ত চক্রবৃদ্ধি সুদ, আমানতের উপর বিশেষ আয়কর ছাড়।

### ১৫ বছরের পাবলিক প্রভিডেণ্ট ফাণ্ড

শতকরা সাত টাকা আয়করমুক্ত চক্রবৃদ্ধি সুদ, আমানতে বিশেষ আয়কর ছাড়।

### ৫ বছরের ন্যাশানাল ডেভেলপমেণ্ট বণ্ড

শতকরা তেরো টাকা সরল সুদ। ( ১০০ টাকা ৫ বছরে ১৬৫ টাকা )

### ১২ বছরের জাতীয় সঞ্চয় অ্যানুইটি সার্টিফিকেট

শতকরা সওয়া দশ টাকা সরল সুদ। ৭ বছর ধরে আকর্ষণীয় পেন্‌সন্‌ ও মেয়াদ শেষে বোনাস।

বিশদ বিবরণের জন্য স্থানীয় ডাকঘর, স্থানীয় বি. ডি. ও জেলা তথ্য আধিকারিক এবং জেলা সঞ্চয় আধিকারিকের সঙ্গে সত্বর যোগাযোগ করুন।

[ মুর্শিদাবাদ জেলা তথ্য অফিস হইতে প্রচারিত। ]

## ডিজেল তেল

### মুর্শিদাবাদ জেলার চাষীদের উদ্দেশ্যে

* ডিজেল তেল সংগ্রহ করতে অসুবিধা হলে স্থানীয় কৃষি-সম্প্রসারণ আধিকারিকের নিকট থেকে পারমিট নিয়ে নিকটতম দোকান বা ডিপো বা পেট্রোল পাম্প থেকে ডিজেল সংগ্রহ করুন।

* ডিজেল মজুত করবেন না বা মজুত করার দরকার হবে না।

* বিস্তারিত নির্দেশ উন্নয়ন আধিকারিক এবং কৃষি সম্প্রসারণ আধিকারিককে দেওয়া হয়েছে।

মুর্শিদাবাদ জেলার মুখ্য কৃষি আধিকারিক ও জেলা তথ্য আধিকারিক কর্তৃক প্রকাশিত।

**মিত্র বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ, দরবেশপাড়া
( মুর্শিদাবাদ )
ধুতি, শাড়ি, শার্টিং, কোটিং রেডিমেড ও শীতবস্ত্র সুলভ মূল্যে পাওয়া যায়।

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**
( জগন্নাথের সাইকেলের দোকান )
রঘুনাথগঞ্জ ফুলতলা ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

বহরমপুর—ফরাক্কা ও
বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া
সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য নির্ভরযোগ্য বাস
**নেশার বাস সারভিস**
( ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজার্ভ দেওয়া হয় )

সকলের প্রিয় এবং
বাজারের সেরা
**ভারত বেকারীর**
শ্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানানো যাইতেছে যে মিউনিসিপ্যালিটির অধীনস্থ প্রাথমিক স্কুলসমূহের জন্য শিক্ষক নিয়োগে ব্যবহার করার জন্য একটি তালিকা প্রস্তুত করা হইবে। সেজন্য বাসস্থান, শিক্ষাগত বিস্তারিত বিবরণসহ জঙ্গিপুর পৌর এলাকায় বসবাসকারী পরিবারের পুরুষ/মহিলা প্রার্থীদের নিকট হইতে ৩১-৩-৭৯ তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। শিক্ষক নিয়োগ ক্ষেত্রে বয়ঃসীমা সরকারের শিক্ষা বিভাগীয় নির্দ্দিষ্ট বয়স বলবৎ হইবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক এবং তৎসমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া চায়। ইতি ১০-৩-৭৯।

পুরপতি
জঙ্গিপুর পুরভবন
রঘুনাথগঞ্জ ২০-৩-৭৯

## শিক্ষক আবশ্যক

গোঠা এ, রহমান জুনিয়র হাই স্কুল ( পোঃ চাঁদনীচক হাট, মুর্শিদাবাদ ) এর জন্য এ্যাডিশনাল পদে একজন বি এস সি ( বায়ো ) দরখাস্ত ৩০-৩-৭৯ এর মধ্যে আহ্বান করিতেছি। ( বি এড অগ্রগণ্য ) ৪-৪-৭৯ তারিখে ইন্টারভিউয়ে উপস্থিত হইতে নির্দেশ দেওয়া যাইতেছে। —সেক্রেটারী

## অলক্ষ

( দ্বিতীয় পৃষ্ঠার পর )

না? ঠাকুর ঘর বন্ধ। বাসি কাপড়ে দরজা খোলা যাবে না, উবার মনে হলো জীবনের কিছু কিছু প্রহর কারো না কারো কাছে জমা থাকে, হঠাৎ আলোর ঝলকানির মতো ঐ স্মৃতি স্মরণ করিয়ে দেয় আজও বেঁচে আছি। উষা উজ্জ্বল হলো। বাবাকে এ ধারের বারান্দায় দাঁড়িয়ে বল্লো, বাবা ওষুধটা পাঠাতে ভুলে যেওনা যেন, Pinpleটার দারুণ যন্ত্রণা। —সুধন্য

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

## জান দিয়ে রোখা হবে

( প্রথম পৃষ্ঠার পর )

হচ্ছে তাদের বেশীর ভাগ অংশই বাইরেকার বাসিন্দা। তারা 'লোকাল সার্টিফিকেট হাতিয়ে যেন তেন প্রকারেণ ফরাক্কার বেকার খাতায় নাম তুলতে চাইছেন। এ নিয়ে বিভিন্ন মহল থে.ক রিভিউ-এর দাবী জানানো হয়েছে।

## খেলার খবর

রঘুনাথগঞ্জ, ১৭ মারচ—গত ১৫ মারচ থেকে স্থানীয় সেবা শিবির ময়দানে জঙ্গিপুর সাব ডিভিশনাল ভালবল প্রতিযোগিতা আরম্ভ হয়েছে। উক্ত প্রতিযোগিতায় পাঁচটি দল অংশ গ্রহণ করেছে। প্রথম খেলায় সেবা শিবির ক্লাব ২—১ গেমে বিবেকানন্দ ক্লাবকে পরাজিত করে।

### শিক্ষক সম্মেলন

সাগরদীঘি: সম্প্রতি সাগরদীঘি থানা এ বি পি টি এ'র এক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন দাবীদাওয়া নিয়ে আলোচনা হয়। ১৭ জনকে নিয়ে আগামী বছরের জন্য এক কার্যকরী কমিটি গঠিত হয়েছে বলে সংগঠন সূত্রে জানানো হয়েছে।

চুরি: সম্প্রতি সাগরদীঘি উচ্চ বিদ্যালয়ের অফিস ঘর হতে দেওয়াল ঘড়ি, ঘন্টা, খেলার সরঞ্জাম ইত্যাদি চুরি গেছে এ ব্যাপারে কোন গ্রেপ্তারের খবর আমরা পাইনি।

## প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গীয় গ্রন্থাগার পারিষদের উদ্যোগে ৩৫তম বঙ্গীয় গ্রন্থাগার সম্মেলন হাওড়া শহরের 'বাঁটরা পাবলিক লাইব্রেরী' হলে আগামী ১৩—১৫ এপ্রিল, ১৯৭৯ তারিখে অনুষ্ঠিত হবে। ১৩ এপ্রিল, ১৯৭৯, শুক্রবার বিকাল ৫টায়, বাঁটরা পাবলিক লাইব্রেরী সংলগ্ন ময়দানে সম্মেলন উদ্বোধন করার জন্য রাজ্যপাল টি এন সিংকে অনুরোধ জানানো হয়েছে। প্রধান অতিথির আসন গ্রহণ করবেন পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র। বিশিষ্ট অতিথি হিসাবে বক্তৃতা করবেন পশ্চিমবঙ্গের শিল্পমন্ত্রী ডঃ কানাইলাল ভট্টাচার্য। সম্মেলনের সভাপতিত্ব করবেন বিশ্বভারতীর গ্রন্থাগারিক ডঃ বিমলকুমার দত্ত ১৪ এপ্রিল, ১৯৭৯ ( শনিবার ) অপরাহ্ন ৬টায় ভাষণ দেবেন শিক্ষামন্ত্রী পার্থ দে।

## জঙ্গিপুর মহকুমা সংস্কৃতি পরিষদের প্রথম বার্ষিক উদ্যোগে সংস্কৃতি মেলার আয়-ব্যয়ের হিসাব (১৯৭৮)

জমা—

| | |
|---|---|
| ১। সদস্য চাঁদা বাবদ — | ২২০'০০ |
| ২। স্যুভেনীর বিক্রয় বাবদ :— | ৩০০'০০ |
| ৩। চাঁদা আদায় ( বিভিন্ন সংস্থার সাহায্য ও স্মারক গ্রন্থে বিজ্ঞাপন বাবদ প্রাপ্ত অর্থ সহ ) :— | ৩১৯৬'০০ |
| ৪। সরকারী অনুদান বাবদ :— | ৫০০'০০ |
| মোট :— | ৪২১৬'০০ |
| মোট জমা :— | ৪২১৬'০০ |
| মোট খরচ :— | ৪৩৫০'০০ |
| মোট ঘাটতি :— | ১৪০'০০ |

খরচ—

| | |
|---|---|
| ১। প্রচার ও যোগাযোগ বাবদ :— | ৬৫০'০০ |
| ২। মেলা, প্রদর্শনী, মূর্তি সংগ্রহ ও ফেরত, ও সঙ্গীতাদি প্রতিযোগিতার পুরস্কার বাবদ :— | ৮৪০'০০ |
| ৩। ডাক খরচ ও কোলকাতা যাতায়াত বাবদ :— | ৬০০'০০ |
| ৪। বহিরাগত অতিথি ও শিল্পী আপ্যায়ন :— | ৬০০'০০ |
| ৫। মাইক লাইট :— | ২০০'০০ |
| ৬। ব্লক ও অন্যান্য ছাপাই :— | ২০০'০০ |
| ৭। স্মারকগ্রন্থ :— | ১১০০'০০ |
| ৮। মঞ্চ নির্মাণ :— | ১৫০'০০ |
| ৯। আলকাপ, কবিগান, সাঁওতাল নাচ, বাউল, মনসা গানের দলগুলির খাওয়া ও যাতায়াত বাবদ :— | ৫০০'০০ |
| মোট :— | ৪৩৫০'০০ |

চিত্ত মুখোপাধ্যায় ও দেবাশিস বন্দ্যোপাধ্যায় — যুগ্ম সম্পাদক
অনুত্তম পণ্ডিত — কোষাধ্যক্ষ
জঙ্গিপুর মহকুমা সংস্কৃতি পরিষদ




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।